# Vocabulary
# শেখার ব্যতিক্রমী বই

S@ifur's

# Analogy-পিডিয়া


## Saifur Rahman Khan

" যেভাবে **শিখেছি** বাংলা, সেভাবে শিখবো **ইংলিশ** "

- এই যুগান্তকারী পদ্ধতির উদ্ভাবক।

**Muhammad Rajjob Hossain**

BA (Hons.), MA (English), University of Dhaka.
Senior Writer & Research Associate
01404 43 21 28 (sms only)





**Edition** ◘ **2022**
**Published By** ◘ **S@ifur's Publication**


**Copyright ©** ◘ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ pdf করে বিক্রি করা বা free / সরবরাহ করা আইনত: দণ্ডনীয় ]



**YouTube চ্যানেল:**

www.youtube.com/saifursofficial

ক্লাস করার জন্য ***join:***

@ SaifursEducation; @ S@ifur's Study club

**English ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে visit করুন:**

www.saifursbooks.com
www.facebook.com/SaifursPublications

কুরিয়ারে **S@ifur's**-এর যেকোন বই পেতে

01713 43 20 50; 01713 43 20 62
**(10 am to 5 pm)**

**S@ifur's বুক স্টোর**
১৮/২, জয়চন্দ্র ঘোষ লেন, বাংলাবাজার।
01713 43 20 50 ; 01713 43 20 62
**নীলক্ষেত** S@ifur's-এর **শো-রুম**
168-169 ইসলামিয়া মার্কেট, ঢাকা।
মোবাইল: 01713 43 20 61

**Compose & Design:**
Md. Al-Mamun Ferdous; Abdul Kuddus Shaikh; Forhad Ahmed

**Price : 420 টাকা**

# Table of Contents


01. Analogy Review ........................................................ 005

02. Most কমন Types of Analogies ........................................ 013

03. Exercise # 01 ........................................................ 016

04. Exercise # 02 ........................................................ 020

05. Recent 2019-2020-এর বিভিন্ন পরীক্ষার Analogy সমাধান ......... 027

06. ***Important vocabulary for analogy***

বিভিন্ন ধরনের যন্ত্র ........................................................ 072

বিভিন্ন জিনিসের আবরণ ........................................................ 075

বিভিন্ন ধরনের মানুষের *group* (দল / ঝাঁক) ................................ 076

বিভিন্ন ধরনের জিনিসের *group* (দল / ঝাঁক) ................................ 077

বিভিন্ন বৈশিষ্ট্যের অধিকারী ব্যক্তি ................................................ 077

বিভিন্ন পেশা সংক্রান্ত শব্দ ........................................................ 081

বসবাসের/রাখার/তৈরির/ করার জায়গা ........................................ 082

বিভিন্ন ধরণের অভিব্যক্তি তথা (*Expression*) ................................ 083

বিভিন্ন বিজ্ঞান ........................................................ 084

বৈজ্ঞানিক যন্ত্রের নাম এবং তার কাজ ............................................ 086

জীবজন্তুর *Group* ........................................................ 087

বিভিন্ন ধরণের গতি ........................................................ 088

বিভিন্ন জীবের স্ত্রী-পুরুষ ........................................................ 090

বিভিন্ন জীব-জন্তুর বাচ্চা/শাবক ................................................ 090

বিভিন্ন পশুর গোস্ত ........................................................ 091

বিভিন্ন জীবজন্তুর আওয়াজ ........................................................ 092

বিভিন্ন জিনিসের শেষাংশ/ প্রথমাংশ ............................................ 093

*Miscellaneous* (মিসেল্যানিয়াস্ = বিবিধ) শব্দ ............................ 093

*Analogy*-এর জন্য আরো কিছু *important Verb* ......................... 097

07. ***Practice vocabulary for analogy***

সকল পরীক্ষার প্রশ্ন ও সমাধানসহ ..................................... 098 - 557

08. Latest 2020-21-22-এর বিভিন্ন ভার্সিটি/BCS/Bank / অন্যান্য JOB পরীক্ষার Analogy সমাধান ............................... 558

08. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার Analogy সমাধান ............. 567




**বিভিন্ন ভার্সিটি ভর্তি, BCS, JOB,**

**MBA, BBA, EMBA প্রভৃতি পরীক্ষায়**

**Analogy ও Vocabulary**

# কমন পাওয়ার

## একমাত্র বই এখন

## আপনি পড়ছেন !

# Analogy Review

Analogy questions ask you to determine the relationship between one original pair of words and then recognize an analogous (or, similar) relationship in a different pair of words. অর্থাৎ 'এ্যানালজি' প্রশ্নে মূল একজোড়া শব্দের মধ্যে সম্পর্ক বের করে ঠিক ঐ ধরণের অর্থাৎ এ্যানা-ল-গাস (সদৃশ = সিমিলার = মিলপূর্ণ = অনুরূপ) সম্পর্ক অন্য যেই শব্দ জোড়ার মধ্যে আছে, সেই শব্দ জোড়াকে চিহ্নিত করতে হয়। এ্যানা-ল-জি শব্দটা এসেছে এ্যানা-ল-গাস থেকে।

## উদাহরণের মাধ্যমে Analogy ব্যাপারটা বোঝা যাক


## How to Solve Analogy (এ্যানালজি সমাধান কৌশল)

নিচে কয়েকটি উদাহরণে Analogy প্রশ্নের উত্তর বের করার পদ্ধতি অত্যন্ত সহজ করে ব্যাখ্যা করা হয়েছে। উদাহরণগুলি নেয়া হয়েছে গত কয়েক বছরের JOB, BBA, MBA প্রভৃতি বিভিন্ন competitive পরীক্ষার প্রশ্ন থেকে।

" কমন আসবে নাকি "
এই ক্ষতিকর চিন্তা
বাদ দিয়ে
গল্পের মতো
পড়ে যাও
এই পৃষ্ঠাগুলো !

### Example: -1


☑ **EGG : OVAL ::**
(A) Bee : Honey
(B) Cow : Milk
(C) Brick : Rectangular
(D) Camel : Desert
(E) None of these



বিস্তারিত ব্যাখ্যা

**STEP - 1**

"Capital Letter (বড় অক্ষর)-এর শব্দজোড়ার অর্থ সম্পর্কে নিশ্চিত হতে হবে। অর্থাৎ তাদের অর্থ জানতে হবে।" EGG অর্থ তো আপনাদের সবারই জানা আছে যে 'ডিম' এবং 'OVAL' অর্থ 'ডিম্বাকার'।







**STEP - 2**

"Capital Letter-এর শব্দদুটোর সম্পর্ককে সহজভাবে ছোট একটা বাক্যের মাধ্যমে প্রকাশ করতে হবে।" এক্ষেত্রে বলা যায়, "EGG is OVAL" অর্থাৎ "ডিম হয় ডিম্বাকার"।


**STEP - 3**

"উত্তর হিসেবে প্রদত্ত শব্দজোড়াগুলি দিয়ে গঠিত বাক্যের মতই ঠিক একই ভাষায় বাক্য বানাতে হবে।" এখন "EGG is OVAL" বাক্যের EGG ও OVAL-এর স্থানে উত্তরের প্রতিটি জোড়ার শব্দদুটিকে একের পর এক বসিয়ে পাওয়া যায় [. . . is . . . . ]
(A) Bee is honey. (B) Cow is milk.
(C) Brick is rectangular. (D) Camel is desert.


**STEP - 4**

"সবচেয়ে সঠিক ও অর্থবহ বাক্য যে জোড়া দিয়ে তৈরি হয়েছে, সেই জোড়াটাই উত্তর।" স্পষ্টতই শুধুমাত্র (C)-এর দ্বারা অর্থবহ বাক্য তৈরি হয়। কেননা, Bee (মৌমাছি)-এর সাহায্যে Honey (মধু) তৈরি হয় বলা যেতে পারে, কিন্তু (A)-এর "Bee is honey" কথাটা অবশ্যই ভুল। একইভাবে Cow থেকে milk হয় বটে, কিন্তু "Cow is milk" বললে ভুল হবে। তাই, (B)-ও বাদ। আর, "Camel is Desert" কথাটাও সঠিক নয়। শুধুমাত্র "Brick is rectangular" বাক্যটাই সঠিক ও অর্থবহ। উত্তর (C)।

### Example:- 2



☑ **RACQUET : TENNIS ::**
(A) Diver : Springboard
(B) Horse : Polo
(C) Glove : Boxing
(D) Bat : Cricket
(E) Gun : Hunting



# পরীক্ষার সময় যেভাবে solve করতে হবে, সেভাবে লেখা ব্যাখ্যা

**STEP - 1** (অর্থ বের করা) : RACQUET হলো খেলার র‍্যাকেট এবং TENNIS একটা খেলার নাম।

**STEP - 2** (মূল বাক্য গঠন করা) : “TENNIS -এর জন্য RACQUET লাগে”

**STEP - 3** (উত্তরের জোড়াগুলি দিয়ে অনুরূপ বাক্য তৈরি করা) : “....... এর জন্য ...... লাগে ”

(A) *Springboard*-এর জন্য Diver লাগে।
(B) *Polo*-এর জন্য Horse লাগে।
(C) *Boxing*-এর জন্য Glove লাগে।
(D) *Cricket*-এর জন্য Bat লাগে।
(E) *Hunting* -এর জন্য Gun লাগে।




**STEP - 4** (সঠিক ও অর্থবহ বাক্যটা বের করা) : এ ক্ষেত্রে (A)-টা অবশ্যই বাদ দেয়া যায় যেহেতু *Springboard* (পানিতে ডাইভ দেয়ার স্প্রিং আটা তক্তা) লাগে *Dive* দেয়ার জন্য। কিন্তু বাকীগুলির একটাও বাদ যায় না, যেহেতু (B), (C), (D) ও (E)-এর প্রতিটিই অর্থবহ।

এ ধরণের পরিস্থিতি উদ্ভব হলে অর্থাৎ একাধিক উত্তরকে সঠিক মনে হলে, বুঝতে হবে মূল শব্দদুটোর সম্পর্ককে অতিরিক্ত প্রশস্তভাবে প্রকাশ করা হয়েছে। তখন বড় অক্ষরের শব্দদুটোর সম্পর্ককে আরও সংকীর্ণ বা সীমাবদ্ধভাবে প্রকাশ করতে হবে। এক্ষেত্রে বলা যায়, "TENNIS খেলায় বলকে আঘাত করার জন্য RACQUET লাগে"; এবার কিন্তু শুধুমাত্র (D) দিয়ে বলা যায়, *Cricket* খেলায় বলকে আঘাত করার জন্য *Bat* লাগে। অতএব, উত্তর D।


এই দুটো উদাহরণ বিস্তারিতভাবে করা হয়েছে কেবলমাত্র বুঝবার সুবিধার জন্য। পরীক্ষার হলে এত বিস্তারিতভাবে STEP-1, STEP-2 ইত্যাদি লেখালেখি তো করবেনই না, বরং পুরো প্রক্রিয়াটাই মনে মনে করে ফেলবেন। পরীক্ষার হলে কিভাবে তোমার চিন্তাধারা অগ্রসর হবে তা নিচের উদাহরণে পড়ো।





## আরেকটা বিস্তারিত Example : 3

☑ **CREST : WAVE ::**
(A) Basin : Water
(B) Mountain (পর্বত) : Range (পর্বতশ্রেণী)
(C) Sand (বালি) : Dune (বালিয়াড়ি)
(D) River : Bed
(E) Crown : Tree




**Solution**

***CREST*** মানে শীর্ষ, ***WAVE*** মানে ঢেউ। “***WAVE***-এর শীর্ষকে ***CREST*** বলে।”

(A)-তে ***Basin*** মানে তো বাথরুমের বেসিন।
এটাকে তো ***water***-এর শীর্ষ বলা যায় না। তাহলে (A) বাদ।

(B)-তে ***Mountain***-কে ***Range***-এর অংশ বলা যায়,
কিন্তু শীর্ষ বললে ভুল হবে; এটাও বাদ।

(C)-তে ***Sand***-এর স্তূপকে ***Dune*** বলে; এটাও হয় না।

(D)-তে ***Bed*** হলো ***River***-এর তলদেশ। অতএব, (D)-ও বাদ।

(E)-তে ***Crown*** মানে মুকুটও হয়, আবার কোন কিছুর শীর্ষকেও ***Crown*** বলে।


***Tree***-এর শীর্ষকে ***Crown*** বলে। Ans (E)



## Example : 4

☑ **TREE : ROOT ::**

(A) Building : Foundation (ভিত্তি)
(B) Shirt : Sleeve (জামার হাতা, আস্তিন)
(C) Entrance (প্রবেশ পথ) : Exit (প্রস্থান)
(D) Smoke (ধোঁয়া) : Chimney
(E) Automobile (গাড়ী) : Engine



### Solution

**" Root (শিকড়) হলো Tree-এর অংশ "** ।

(A)-তে "***Foundation*** হলো ***Building***-এর অংশ।"
এটা ঠিকভাবেই খাপ খায়। এটা উত্তর হতে পারে।

(B)-তে "***Sleeve*** হলো ***Shirt***-এর অংশ।"
এটাও উত্তর হতে পারে।

(C)-তে "***Exit*** পথ হলো ***Entrance***-এর অংশ।"
এটা বললে অর্থবহ হয় না। এটা বাদ।

(D)-তে "***Chimney*** হলো ***Smoke***-এর অংশ।" এটা তো হয়ই না।

(E)-তে "***Engine*** হলো ***Automobile***-এর অংশ।" এটাও খাপ খায় না।

দেখা যাচ্ছে, A, B এবং E তিনটাই ঠিক হয়।
তাহলে, ***TREE*** ও ***ROOT***-এর সম্পর্ককে অন্যভাবে বলতে হবে
"***TREE***-এর সর্বনিম্ন অংশ হলো ***ROOT***."
এখন শুধুমাত্র (A) দিয়ে বলা যায়,
"***Building***-এর সর্বনিম্ন অংশ ***Foundation***" উত্তর (A)।



## দামী Advice

আরো একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তোমার মনোযোগ দেয়া দরকার। অনেকেই এই ভুলটা করে যে, Capital letter-এর শব্দ দুটো পড়ার পরে কোন চিন্তা ভাবনা ছাড়াই অর্থাৎ তাদের মধ্যেকার সম্পর্ককে বাক্যাকারে চিন্তা না করেই Answer choice-এর শব্দ জোড়াগুলোকে গৎবাধাভাবে পড়ে যায়। এতে সময় নষ্ট হওয়া ছাড়া কোন লাভই হয় না, অথচ পরীক্ষার সময় প্রতিটা মূহুর্তই গুরুত্বপূর্ণ।

আরও একটা ভুল যেটা অনেকেই করে থাকে, সেটা হলো: Capital letter-এর প্রথম শব্দের সাথে Answer choice-গুলোর প্রথম শব্দ ও Capital letter-এর দ্বিতীয় শব্দের সাথে Answer choice-গুলোর দ্বিতীয় শব্দকে মিলাতে/খাপ খাওয়াতে চেষ্টা করে। উদাহরণস্বরূপ, Example # 1-এর ***EGG***-কে (A)-এর ***Bee*** বা (B)-এর ***Cow*** ইত্যাদির সাথে মিলাতে চেষ্টা করে। একইভাবে, ***OVAL***-এর সাথে ***Honey***, ***Milk***, প্রভৃতিকে তুলনা করে।

**এটা সম্পূর্ণ ভুল, কখনই এই ধরণের ভুল করিও না।**

কেননা, Capital letter-এর শব্দ দুটোর সাথে Answer-এর শব্দদুটোর কোন সম্পর্ক/ মিল থাকার প্রয়োজন নেই। বরং আসল যেটা প্রয়োজন, সেটা হলো, মুল শব্দজোড়ার মধ্যে পারস্পরিক যে সম্পর্ক, ঠিক ঐ ধরণের সম্পর্কওয়ালা শব্দজোড়া বের করা। যেমন Example-4-এর ***TREE*** ও ***Building,*** এবং ***ROOT*** ও ***Foundation***-এর মধ্যে কোন সম্পর্ক নেই অথচ যেহেতু ***TREE*** ও ***ROOT***-এর মধ্যে যে পারস্পরিক সম্পর্ক, ঐ ধরনের সম্পর্ক শুধু ***Building*** ও ***Foundation***-এর মধ্যে আছে। তাই উত্তর হয়েছে ***Building*** ও ***Foundation*** শব্দজোড়াটা।

# আরেকটা বিস্তারিত ব্যাখ্যা

**5. MARBLE : STONE ::**

(A) Sand : Cement
(B) Fruit : Apple
(C) Gold : Mine (খনি)
(D) Copper (তামা) : Metal
(E) Cloud : Sky

**Tips**

প্রথমে যা করবে, তা হলো **Capital letter**-এর শব্দ দুটো পড়েই তাদের মধ্যেকার সম্পর্ককে বাক্যাকারে চিন্তা করে নিবে। এর পর (A)-এর শব্দদুটো পড়ার সময়ই ঐ বাক্যের সাথে খাপ খাওয়ানোর চেষ্টা করবে। এভাবে প্রত্যেকটি উত্তরের শব্দজোড়া দিয়ে চেষ্টা করবে।

**Solution**

MARBLE হচ্ছে মার্বেল পাথর, STONE হলো পাথর।
তাহলে MARBLE এক প্রকার STONE;

(A) ***Sand*** এক প্রকার ***Cement*** পুরোপুরি ভুল। ∴ এটা বাদ।
(B) ***Fruit*** এক প্রকার ***Apple***; এটাও বাদ। ⟶
(C) ***Gold*** এক প্রকার ***Mine***; এটাও বাদ দেয়া যায়।
(D) ***Copper*** এক প্রকার ***Metal*** হতে পারে।
(E) ***Cloud*** এক প্রকার ***Sky***। এটাও বাদ। তাহলে সঠিক উত্তর হবে (D)।

এই উদাহরণে একটু সাবধান না হলে ভুল করে (B)-কে উত্তর হিসেবে বেছে নেয়ার আশঙ্কা রয়েছে। কিন্তু এই খেয়ালও রাখতে হবে যে, ***MARBLE*** শব্দটা ছিল প্রথমে এবং ***STONE*** শব্দটা ছিল পরে। অর্থাৎ সম্পর্কটা হলো ".......... এক প্রকার ........ "

কিন্তু (B)-তে ***Apple*** আছে পরে ও ***Fruit*** আগে। যদি ***Apple*** আগে এবং ***Fruit*** পরে থাকতো, তবে মূল বাক্যের মতো বলা যেত ***Apple*** এক প্রকার ***Fruit***.

**Tips**

এ ব্যাপারেও খেয়াল রাখতে হবে যে, মূল বাক্যের সাথে খাপ খাওয়ানোর জন্য **Answer Choice**-গুলির শব্দজোড়াকে আমরা যেন **reverse** (অর্থাৎ, উল্টো) করে না ফেলি।





এতক্ষণ যে উদাহরণগুলো দেখানো হলো লক্ষ্য করে দেখবে, সেগুলোর *Capital letter*-এর শব্দজোড়াগুলোর সম্পর্ক একেক উদাহরণে একেক রকম।

যেমন- Ex.:-5-এ ছিলো "............ এক প্রকার ............. ",
Ex.:-3-তে ছিলো "........... এর শীর্ষকে ............. বলে" ইত্যাদি।

Capital letter অর্থাৎ মূল শব্দজোড়ার মধ্যে মোটামুটি কি কি ধরণের সম্পর্ক হতে পারে, সেটা আগে থেকে একটা ধারণা থাকলে পরীক্ষার হলে দ্রুততা ও আত্মবিশ্বাসের সাথে প্রশ্নগুলো সমাধান করতে পারবে।

এবার দেখা যাক মূল জোড়ার শব্দ দুটোর মধ্যে সাধারণতঃ কি কি ধরণের সম্পর্ক হতে পারে।

# Common Types of Analogies

## 01. .... is a characteristic of ..... (.... হচ্ছে ..... -এর বৈশিষ্ট্য)

1. COURAGE (কারেইজ্ - সাহস) : HERO
   [ *COURAGE* হচ্ছে *HERO*-এর বৈশিষ্ট্য ]
   [ *Courage* is characteristic of *hero*. ]
2. ELECTION : DEMOCRACY
   [ *ELECTION* হচ্ছে *DEMOCRACY*-র বৈশিষ্ট্য ]
   [ *Election* is a characteristic of *Democracy*. ]
3. STINGINESS (স্টিনজিনেস্ - কৃপণতা) : MISER (মাইঝার্ - কৃপণ)
   [ *STINGINESS* হচ্ছে *MISER*-এর বৈশিষ্ট্য ]

## 02. Lack of ........ is .......... (....... এর অভাব হলো ............. )

1. HOPE (হৌপ্) : PESSIMISM (পেসিমিয্ম্ - নৈরাশ্য)
   (*HOPE*-এর অভাব হলো *PESSIMISM*)
   [ *Lack* of *Hope* is *Pessimism*. ]
2. FLAW(ফ্লঅ্ - খুঁত) : PERFECTION (খুঁতহীনতা)
   (*FLAW*-এর অভাব হলো *PERFECTION*)
   [ *Lack* of *Flaw* is *Perfection*. ]
3. ORDER (শৃঙ্খলা) : CHAOS (ক্যায়স্ - নৈরাজ্য, বিশৃঙ্খলা)
   (*ORDER*-এর অভাব হলো *CHAOS*)

**বুঝে বুঝে পড়ো !**

## 03. .......... is a type of ........... (........... এক প্রকার ........... )

1. ANGER (অ্যাঙ্গার্) : EMOTION (ইমৌশ্ন্)
   (*ANGER* এক প্রকার *EMOTION*)
   [ *Anger* is a type of *Emotion*. ]







2. ORANGE : FRUIT
   (*ORANGE* এক প্রকার *FRUIT*)
3. SONNET (সনেট্ - চতুর্দশপদী কবিতা) : POEM
   (*SONNET* এক প্রকার *POEM*)

## 04. ......... is a part of ........... (.......... হচ্ছে .......... এর অংশ)

1. CHAPTER : NOVEL (*CHAPTER* হচ্ছে *NOVEL*-এর অংশ)
2. BRANCH : TREE (*BRANCH* হচ্ছে *TREE*-এর অংশ)
3. FINGER : HAND (*FINGER* হচ্ছে *HAND*-এর অংশ)
   [ *Finger* is a part of *Hand*. ]

## 05. ....... is the place of ....... (....... হচ্ছে ...... এর কাজের স্থান)

1. CLASSROOM : TEACHER
   (*CLASSROOM* হচ্ছে *TEACHER*-এর কাজের স্থান)
   [ *Classroom* is a place of *Teacher*. ]
2. STAGE (স্টেইজ্ - মঞ্চ) : ACTOR
   (*STAGE* হচ্ছে *ACTOR*-এর কাজের স্থান)
3. CLINIC : NURSE (*CLINIC* হচ্ছে *NURSE*-এর কাজের স্থান)

## 06. Relationship of Degree (মাত্রা বা তীব্রতার সম্পর্ক)

1. FURIOUS (ফিউরিয়াস্) : ANNOYED (অ্যা-ন-য়েড্)
   [ সম্পর্ক : *FURIOUS* হচ্ছে বেশি *ANNOYED* ]
2. MOUNTAIN: HILL [ সম্পর্ক : *MOUNTAIN* হচ্ছে বড় *HILL* ]
3. DELUGE (ডেলিউজ্ - মহাপ্লাবন) : RAIN
   [ *DELUGE* হচ্ছে বেশি *RAIN* ]
4. EPIC (এপিক্ - মহাকাব্য) : STORY
   [ *EPIC* হচ্ছে অত্যন্ত দীর্ঘ *STORY* ]



## 07. TOOL (কাজের যন্ত্র বা উপকরণ) (........ এর যন্ত্র হলো .......... )

1. PAINTER : BRUSH
   [ সম্পর্ক : *PAINTER*-এর যন্ত্র হলো *BRUSH* ]
2. MECHANIC (মেকানিক্) : WRENCH(রেন্চ)
   [ সম্পর্ক : *MECHANIC*-এর যন্ত্র হলো *WRENCH* ]
3. WRITER : PEN [ সম্পর্ক : *WRITER*-এর উপকরণ হলো *PEN* ]

## 08. .......... creates ........... (............ তৈরি করে ................ )

1. POET : SONNET [ সম্পর্ক : *POET* লেখে *SONNET* ]
2. PAINTER (পেইন্টার্) : MURAL (মিউরাল্ - দেয়ালে আঁকা চিত্র)
   [ সম্পর্ক : *PAINTER* আঁকে *MURAL* ]
3. MASON (মেইসন্ - রাজমিস্ত্রি) : WALL
   [ সম্পর্ক : *MASON* বানায় *WALL* ]

## 09. ....... is a sign of ........ (....... হচ্ছে ........ এর চিহ্ন বা লক্ষণ)

1. TREMBLING (ট্রেম্ব্লিঙ্ - কাঁপা) : FEAR
   [ *TREMBLING* হচ্ছে *FEAR*-এর চিহ্ন ]
2. MOAN (মৌন্ - গোঙ্গানো) : PAIN (পেইন্)
   [ *MOAN* হচ্ছে *PAIN*-এর চিহ্ন ]
3. SHRIEK (শ্রীক্ - চিৎকার দেয়া) : TERROR (টেরর্ - প্রচণ্ড ভয়)
   [ *SHRIEK* হচ্ছে *TERROR*-এর চিহ্ন ]

## 10. .......... causes .......... (...........-এর ফলে ................ হয়)

1. EXPLOSION (এক্স্প্লৌস্ন্ - বিস্ফোরণ) : DESTRUCTION
   [ *EXPLOSION*-এর ফলে *DESTRUCTION* হয় ]
2. VIRUS : ILLNESS (ইল্নেস্) [ *VIRUS*-এর ফলে *ILLNESS* হয় ]
3. DRUG (ড্রাগ্) : CURE (কিয়ুর্) [ *DRUG*-এর দ্বারা *CURE* হয় ]